

দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ গৃহপালিত পশুর যাকাত রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

পশুর পরিবর্তে তার মূল্য দ্বারা যাকাত আদায়ের হুকুম

পশুর পরিবর্তে তার মূল্য দ্বারা যাকাত আদায় করলে তা আদায় হবে না। বরং পশুর যাকাত পশু দ্বারাই আদায় করতে হবে। হাদীছে এসেছে,

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ بَعَثَنِيْ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم إِلَى الْيَمَنِ وَأَمَرَنِيْ أَنْ آخُذَ مِنَ الْبَقَرِ مِنْ كُلِّ أَرْبَعِيْنَ مُسِنَّةً وَمِنْ كُلِّ ثَلاَثِيْنَ تَبِيْعًا أَوْ تَبِيْعَةً _

মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যখন আমাকে ইয়ামানের উদ্দেশ্যে পাঠালেন, তখন তিনি আমাকে নির্দেশ দিলেন, গরুর যাকাতে প্রত্যেক চল্লিশটিতে একটি 'মুসিন্নাহ' (দু'বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণকারী গরু) এবং প্রত্যেক ত্রিশটিতে একটি 'তাবী' অথবা 'তাবী'আহ্' (এক বছর অতিক্রম করে দ্বিতীয় বছরে পদার্পণকারী গরু) গ্রহণ করবে।[1]

অন্যত্র রাসুলুল্লাহ (ছাঃ) বলেছেন,

وَفِيْ صَدَقَةِ الْغَنَمِ فِيْ سَائِمَتِهَا إِذَا كَانَتْ أَرْبَعِيْنَ إِلَى عِشْرِيْنَ وَمِائَةٍ شَاةً

'বিচরণশীল ছাগলের যাকাতে চল্লিশটি হতে একশত বিশটি পর্যন্ত একটি ছাগল।[2] তিনি অন্যত্র বলেন.

فِيْ كُلِّ إِبِلٍ سَائِمَةٍ مِنْ كُلِّ أَرْبَعِيْنَ ابْنَةُ لَبُوْنٍ _

'বিচরণশীল প্রত্যেক চল্লিশটি উটে একটি বিনতু লাবুন (দু'বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণকারী উট)।[3]

অতএব রাসূলুল্লাহ (ছাঃ) পশুর যাকাত পশু দারাই আদায় করার নির্দেশ দিয়েছেন। এছাড়াও রাসূল (ছাঃ), ছাহাবায়ে কেরাম এবং তাবেঈনে ইযামের কেউ কখনো পশুর পরিবর্তে তার মূল্য দারা যাকাত আদায় করেননি। সুতরাং পশুর যাকাত পশু দারাই আদায় করতে হবে।

ফুটনোট

- [1]. তিরমিয়ী হা/৬২৩; নাসাঈ হা/২৪৫০; ইবনু মাজাহ হা/১৮০৩; মিশকাত হা/১৮০০, 'যাকাত' অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।
- [2]. বুখারী হা/১৪৫৪, 'যাকাত' অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।



[3]. নাসাঈ হা/২৪৪৯; আলবানী, সনদ হাসান।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3305

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন